

প্রাথমিকে ২০ হাজার
প্রধান শিক্ষকের
পদ শূন্য

গণশিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক
দেশে সরকারি প্রাথমিক
বিদ্যালয়গুলোতে বিশ হাজার প্রধান
শিক্ষকের পদ শূন্য রয়েছে বলে
জাতীয় সংসদকে জানিয়েছেন
প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী
মোস্তাফিজুর রহমান ফিজার। এ
ছাড়া দেশের মাধ্যমিক
বিদ্যালয়গুলোতে বিষয়ভিত্তিক প্রায়
দুই হাজার শিক্ষকের পদ শূন্য
থাকার কথাও জানান তিনি।
গতকাল বৃহস্পতিবারের সংসদের
বৈঠকে প্রশ্নোত্তরে অংশ নিয়ে তিনি
এ কথা বলেন। এর আগে সকাল
১০টায় স্পিকার ড. শিরীন শারমিন
চৌধুরীর সভাপতিত্বে সংসদে বৈঠক
গুরু হলে প্রশ্নোত্তর টেবিলে উত্থাপিত
হয়। কুড়িগ্রাম-৩ আসনের সাংসদ এ
কে এম মাসুদুল ইসলামের প্রশ্নের
জবাবে মন্ত্রী জানান, সরকারি
প্রাথমিক বিদ্যালয়গুলোতে ২০
হাজার ৫১৬টি প্রধান শিক্ষকের পদ
শূন্য রয়েছে।

তিনি বলেন, প্রধান শিক্ষক পদটি
দ্বিতীয় শ্রেণিতে উন্নীত হওয়ায় এই
পদে নিয়োগ সরকারি কর্মকমিশন
থেকে সম্পন্ন হবে। ইতিমধ্যে ৩৪তম
বিসিএস ■ পৃষ্ঠা ৬ : কলাম ৪

প্রাথমিকে ২০ হাজার

[১৫ পৃষ্ঠার পর]

থেকে প্রধান শিক্ষক পদে নিয়োগের
জন্য সুপারিশ করে ৮৯৮ জনের
তালিকা প্রকাশ করা হয়েছে।
প্রার্থীদের নিয়োগের জন্য স্বাস্থ্য
পরীক্ষার প্রতিবেদন ও পুলিশ
প্রত্যয়নের কার্যক্রম চলমান রয়েছে।